‘অপারেশন ক্লিন হার্ট’ চালানোর পরিকল্পনা নেই: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে নতুন কোনো যৌথ বাহিনী গঠন কিংবা ‘অপারেশন ক্লিন হার্ট’ পরিচালনার পরিকল্পনা সরকারের নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বিভিন্ন বাহিনীর সমন্বয়ে যৌথ অভিযান চালানো হবে বলে জানান তিনি।

বৃহস্পতিবার (১ অক্টোবর) রাজধানীর তেজগাঁওয়ে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নতুন সদর দপ্তরের ফলক উন্মোচন অনুষ্ঠানে সাংবাদিকদের এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী।

সালাহউদ্দিন আহমদ বলেন, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে সংশ্লিষ্ট বাহিনীগুলো নিজেদের মধ্যে সমন্বয় করে অভিযান পরিচালনা করবে। এ জন্য আলাদাভাবে কোনো যৌথ বাহিনী গঠন করা হয়নি। একই সঙ্গে ‘অপারেশন ক্লিন হার্ট’ নামে কোনো অভিযান চালানোর পরিকল্পনাও সরকারের নেই।

ডিসেম্বরকে বিজয়ের মাস উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এ সময়ে কোনো অপশক্তিকে অস্থিতিশীল পরিস্থিতি তৈরির সুযোগ দেওয়া হবে না। দায়িত্ব নেওয়ার পর থেকেই সরকার দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করছে।

তিনি আরও বলেন, দায়িত্ব পালনে কোনো বাহিনীর সদস্য বা কর্মকর্তার অবহেলা পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে।